

বান

এত সব লাশ জল হয়ে
ভেসে গেছে পুরো বাংলাদেশে,
আজ তারা, কেউ শুধু হাড়,
কঙ্কালের দুটো চোখ, একখানা

ছেঁড়া হাত, মাটির-গহবর, গণকবরে
পাড় বেয়ে উঠে আসে কিলবিল, যেন বান
জলের ধারায় থমকে গেছে, বাস টানছে হাঁপানির
ঘরের উঠান ছেয়ে, পইঠা বেয়ে, নিশ্চুপ, সর্পিল

রাত, এইমাত্র পাড়ি ধরল আধাঁয়ার,
যত বাদের গোলা বিস্ফোরণ ফুটে উঠল স্বাতী,
নীহারিকা; ফোঁটা- ফোঁটা রক্তবিন্দু আলো,
ত্রিশলক্ষ চিংকারে শিলীভূত পাথর, চন্দ্রিমা;

চেউয়ে চেউয়ে গল্প ফুটছে দিদঠাকুমার;
মসজিদ মিনার থেকে ভোর, আজানের নহবৎ

মোহাম্মদ রফিক

